

যুগান্তর

তারিখ ... ..  
পৃষ্ঠা ... কলাম ...

## বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উপলক্ষে বিভিন্ন স্থানে মেলা

### যুগান্তর ডেস্ক

২৫তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদযাপন উপলক্ষে বিভিন্ন স্থানে শুরু হয়েছে বিজ্ঞান মেলা। যুগান্তর প্রতিনিধিদের এ নিয়ে পাঠানো রিপোর্ট:

**গাইবান্ধা:** ২৫তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদযাপন উপলক্ষে মঙ্গলবার থেকে গাইবান্ধা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে তিন দিনব্যাপী বিজ্ঞান মেলা শুরু হয়েছে। গাইবান্ধা জেলা প্রশাসক মোঃ আবদুস সবুর

আনুষ্ঠানিকভাবে এই মেলার উদোধন করেন। উদোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা তহরা বেগম এবং বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ জাহাঙ্গীর আলম, সরকারি বালক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাহানা বানু, রায়হানুল হক, তাহমিদা ইসলাম প্রমুখ। পরে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করা হয়। মেলায় বিভিন্ন বিজ্ঞান ক্লাব এবং স্কুল-কলেজের পক্ষ থেকে নানা ধরনের

আবিষ্কারের স্টল স্থাপন করা হয়েছে।  
**ময়মনসিংহ:** মঙ্গলবার ময়মনসিংহ জিলা স্কুলে ২৫তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদযাপন উপলক্ষে আয়োজিত তিন দিনব্যাপী বিজ্ঞান মেলার উদোধন করেন উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সাবেক ডিসি প্রফেসর ড. শমসের আলী। ময়মনসিংহের জেলা প্রশাসক জাফর আহমদ চৌধুরীর সভাপতিত্বে আয়োজিত উদোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন স্থানীয় সংসদ সদস্য দেলোয়ার হোসেন খান দুলু। এতে স্বাগত বক্তব্য রাখেন জিলা স্কুলের প্রধান শিক্ষক শামসুল হুদা এবং ওভেচ্ছা বক্তব্য রাখেন সাবেক এমপি নূর জাহান ইয়াসমিন।